



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে সেমিনার ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান-
২০১৭ অনুষ্ঠিত



পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উপলক্ষে 'সেমিনার ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০১৭' আজ (২৯ নভেম্বর-২০১৭, সকাল ১০:৩০টায়) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলানয়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া।

সেমিনারে 'মহানবী (সা.)-এর সামাজিক শিষ্টাচার নীতি ও বর্তমান মুসলিম সমাজ: একটি পর্যবেক্ষণ' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. ইব্রাহীম খলিল। এতে প্রধান আলোচক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ এবং আলোচক হিসেবে 'ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) উদযাপন উপ-কমিটি-২০১৭'-এর আহবায়ক ও ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ বক্তব্য প্রদান করেন।